দৈনিক ইত্তেফাক

তারিখ 29 NOV 1992
পৃষ্ঠা ৩ কলাম ৭/৮

52

# 'হিষ্ট্রি অব বাংলাদেশ' প্রত্যাহারের দাবী

১৬ জন বিশিষ্ট বুদ্ধিজীবী এক যুক্ত বিবৃতিতে এশিয়াটিক সোসাইটি কর্তৃক সম্প্রতি তিন খণ্ডে প্রকাশিত 'হিষ্ট্রি অব বাংলাদেশ' গ্রন্থটি বাজার হইতে প্রত্যাহার করিয়া নিতে এশিয়াটিক সোসাইটি কর্তৃপক্ষকে বাধ্য করার জন্য সোসাইটির সাধারণ সদস্যদের নিকট এবং সামগ্রিকভাবে দেশবাসীর কাছে দাবী জানাইয়াছেন। বিবৃতিতে তাঁহারা বলেন, গ্রন্থটি এমন এক ব্যক্তির

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## হিষ্ট্রি অব বাংলাদেশ

( ৩য় পৃঃ পর )

নামে উৎসর্গ করা হইয়াছে যিনি বাঙ্গালী জাতীয়তাবাদের শত্রু ছিলেন। পাকিস্তানের এককালীন শিক্ষামন্ত্রী ফজলুর রহমান বাংলাকে রাষ্ট্রভাষা না করিয়া উর্দুকে রাষ্ট্রভাষা করার অন্যতম প্রধান নেতা ছিলেন। তিনি শুধু রাষ্ট্রভাষা আন্দোলনের বিরোধিতায় সক্রিয় ছিলেন না বরং আরবী হরফে বাংলা প্রচলনের চেষ্টা চালাইয়াছেন। বাংলাভাষা ও বাঙ্গালী জাতির শত্রু এই ব্যক্তির নামে এশিয়াটিক সোসাইটির 'হিষ্ট্রি অব বাংলাদেশ' গ্রন্থটি উৎসর্গ করা একটি লজ্জাকর ঘটনা। বিবৃতিতে তাঁহারা আরও বলেন, এই চক্রান্তের সঙ্গে এশিয়াটিক সোসাইটির যে বুদ্ধিজীবীরা যুক্ত তাহাদের এই কাজের নিন্দা করার ভাষা আমাদের জানা নাই। বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন ওবায়দুল হক, শওকত ওসমান, এম আর আখতার মুকুল, মমতাজ উদ্দিন আহমদ, মোস্তফা নুরুল ইসলাম, কলিম শরাফী, জিয়া হায়দার, অন্নদা রায়, কামাল লোহানী, আসাদুজ্জামান নূর প্রমুখ।